গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বাঘারপাড়া, যশোর
www.bagherpara.jessore.gov.bd

নম্বর: ০৫.৪৪.৪১০৯.০০০.২০.০০১.২২.১২৪০

তারিখ: ২৭ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ
১১ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

**নোটিশ**

বিষয়: **বিজ্ঞপ্তি/নোটিশ ১১ জুলাই ২০২৩**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১। বাঘারপাড়া উপজেলার আইনশৃঙ্খলা সংক্রান্ত সভা উপজেলা নির্বাহী অফিসারের সভাপতিত্বে আগামী ১৭ জুলাই '২০২৩ খ্রিঃ তারিখ সোমবার বেলা ১০.০০ ঘটিকায় এবং

২। বাঘারপাড়া উপজেলা পরিষদের জুলাই'-২০২৩ মাসের মাসিক সাধারণ সভা জনাব ভিক্টোরিয়া পারভীন সাথী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোরের সভাপতিত্বে আগামী ১৭ জুলাই '২০২৩ খ্রিঃ তারিখ সোমবার বেলা ১১.৩০ ঘটিকায় উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত হবে ।

মাসিক সাধারণ সভার সহিত সংশ্লিষ্ট সকল দপ্তরকে সভার ০২(দুই) কার্যদিবস পূর্বে**কার্যপত্রের হার্ডকপি প্রদান ও সফটকপি নিকস ফন্টে cobagherpara@gmail.com প্রেরণ নিশ্চিত করণ** এবং নির্ধারিত তারিখ ও সময়ে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো ।

**মাসিক সাধারণ সভার আলোচ্যসূচীঃ**

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ।
২. বিগত সভার গৃহিত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনা ।
৩. বিভিন্ন বিভাগীয় কমিটি সমূহের প্রস্তাবনা সম্পর্কে আলোচনা ।
৪. ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন প্রকল্প সম্পর্কিত পর্যালোচনা ।
৫. আর্থিক বিভিন্ন বিষয়াদি সম্পর্কিত আলোচনা ।
৬. মাননীয় উপদেষ্টা, চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের সুপারিশসমূহ ।
৭. সমন্বয় (হস্তান্তরিত দপ্তর সমূহের কার্যক্রম) ।
৮. বিবিধ।

১১-০৭-২০২৩
সৈয়দ জাকির হাসান
উপজেলা নির্বাহী অফিসার ও মূখ্য নির্বাহী কর্মকর্তা,
উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর

**বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মাননীয় সংসদ সদস্য, ৮৮, যশোর-৪;
২। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা;
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর;
৪। ভাইস চেয়ারম্যান(পুরুষ), উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর;
৫। ভাইস চেয়ারম্যান(মহিলা), উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর;
৬। মেয়র, বাঘারপাড়া পৌরসভা, বাঘারপাড়া, যশোর;
৭। উপজেলা.............................কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর;
৮। চেয়ারম্যান, জহুরপুর/বন্দবিলা/রায়পুর/নারিকেলবাড়িয়া/ধলগ্রাম/দোহাকুলা/দরাজহাট/বাসুয়াড়ী/জামদিয়া ইউপি, বাঘারপাড়া, যশোর এবং
৯। উপজেলা পরিষদ সংরক্ষিত সদস্য-১নং/২নং/৩নং, বাঘারপাড়া, যশোর।।

- উপজেলা পরিষদের জুলাই/২০২৩ মাসের
মাসিক সাধারন সভার উপস্থিতি

সভাপতি: জনাব বিক্টোরিয়া পারভীন সাথী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ

স্থান :- উপজেলা পরিষদ সভাকক্ষ

সভার তারিখ/সময় :- ২৭/০৭/২০২৩খ্রি: বেলা-১১:৩০ঘটি

সভায় উপস্থিত জন প্রতিনিধীগনের স্বাক্ষর:-

১। জনাব মো: রউফ, ভাইস চেয়ারম্যান উপ: পরি: → ২৭/০৭/২৩

২। জনাব বিথীকা বিশ্বাস, মহিলা " " " →

৩। মেয়র, পৌরসভা, বাঘারপাড়া →

৪। চেয়ারম্যান, জহুরপুর ইউপি →

৫। " বন্দবিলা " →

৬। " রায়পুর " →

৭। " নারিকেলবাড়ীয়া →

৮। " ধলগ্রাম " →

৯। " দোহাকুলা " → ২৭/০৭/২৩

১০। " দরাজহাট " →

১১। " বাসুয়াড়ী " →

১২। " জামদিয়া " →

## সভায় উপস্থিত বিভাগীয় প্রধানগনের স্বাক্ষর ও উপস্থিতি

১। রাজকুমার পাল — UWAO
২। ডা: মো: আনোয়ারুজ্জামান — উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (অ:দা:)
৩। বিপুল কুমার সরকার, জ্যেষ্ঠ সহকারী, উপজেলা মৎস্য দপ্তর,
৪। শাহিদা পারভীন, সমবায় অফিস
৫। মো: ইকবাল হোসেন. UFPO
৬। মো: আবু হানিফ SAE, DPHE
৭। মো: মোত্তালেব হোসেন — UDF, VGDP
৮। মো: তোফাজ্জেল হোসেন - উযুউক
৯। মো: রুহুল আমিন UAO
১০। এ.বি.এম মাহমুদ হোসেন USSO
১১। সালেহ আহমেদ উপ-সহকারী প্রকৌশলী LGED
১২। বিবেকানন্দ রায়, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (বিআরডিবি)।
১৩। মো: আকরাম হোসেন খান - USEO
১৪। জাবেদ আহমেদ PIO
১৫। ডা. প্রসেনজিৎ ঘোষ - UH&FPO, UHC, Bagherpara.

# বাঘারপাড়া উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : ভিক্টোরিয়া পারভীন সাথী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বাঘারপাড়া, যশোর।

স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, বাঘারপাড়া, যশোর
তারিখ ও সময় : ১৭ জুলাই ২০২৩ সোমবার, বেলা-১১.৩০ ঘটিকা

উপস্থিত সদস্যদের তালিকা :

০১) জনাব মো: আব্দুর রউফ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,বাঘারপাড়া,যশোর ।
০২) জনাব বিথীকা বিশ্বাস, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর ।
০৩) জনাব মোঃ কামরুজ্জামান, মেয়র, বাঘারপাড়া পৌরসভা, বাঘারপাড়া, যশোর।
০৪) জনাব মোঃ আসাদুজ্জামান, চেয়ারম্যান, জহুরপুর ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
০৫) জনাব মো: সবদুল হোসেন খান, চেয়ারম্যান, বন্দবিলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৬) জনাব মোঃ মুনজুর রশীদ (স্বপন), চেয়ারম্যান, রায়পুর ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৭) জনাব মোঃ রবিউল ইসলাম, চেয়ারম্যান, ধলগ্রাম ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৮) জনাব মো: ওয়াহিদুর রহমান আবু মোতালেব, চেয়ারম্যান, দোহাকুলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৯) জনাব মো: জাকির হোসেন, চেয়ারম্যান, দরাজহাট ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
১০) জনাব মোঃ আমিনুর সরদার, চেয়ারম্যান, বাসুয়াড়ী ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
১১) জনাব শেখ আরিফুল ইসলাম তিব্বত, চেয়ারম্যান, জামদিয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।

অনুপস্থিত সদস্যদের তালিকা :

০৬) জনাব বাবলু কুমার সাহা, চেয়ারম্যান, নারিকেলবাড়িয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।

উপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ)- (জৈষ্ঠতার ক্রমানুসারে নহে, উপস্থিতির ক্রমানুসারে) :

০১) জনাব রাজকুমার পাল, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
০২) ডাঃ মোঃ আক্তারুজ্জামান, উপজেলা প্রাণি-সম্পদ কর্মকর্তা(ভারপ্রাপ্ত), বাঘারপাড়া, যশোর।
০৩) জনাব বিপুল কুমার সরকার, ক্ষেত্রসহকারী, উপজেলা মৎস্য কর্মকর্তার পক্ষে, বাঘারপাড়া, যশোর।
০৪) জনাব শাহিদা পারভীন, উপজেলা সমবায় কর্মকর্তার, বাঘারপাড়া, যশোর ।
০৫) জনাব মোঃ ইকবাল হোসেন, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
০৬) জনাব আবু হানিফ, উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), বাঘারপাড়া, যশোর ।
০৭) জনাব মোঃ মোত্তালেব হোসেন, ইউডিএফ, বাঘারপাড়া, যশোর ।
০৮) জনাব মোঃ তোফাজ্জেল হোসেন, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০৯) জনাব মোঃ রুহুল আমিন, উপজেলা কৃষি কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
১০) জনাব এ,টি,এম মাসুদ হোসেন, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
১১) জনাব সালেহ আকরাম, উপসহকারী প্রকৌশলী, বাঘারপাড়া, যশোর ।
১২) জনাব বিবেকানন্দ রায়, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা(বিআরডিবি), বাঘারপাড়া, যশোর।
১৩) জনাব মোঃ আকরাম হোসেন খান, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১৪) জনাব ফিরোজ আহম্মেদ, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা(অঃ দাঃ), বাঘারপাড়া, যশোর।
১৫) ডাঃ অরুপ জ্যোতি ঘোষ, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর

অনুপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ):

০৪) উপজেলা শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০৬) মোঃ শাহীন কবির, ফরেস্টার, বন বিভাগ, বাঘারপাড়া, যশোর ।

সবাইকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান । উপজেলা নির্বাহী অফিসার সভার নিয়মিত কার্যক্রম শুরু করেন । সভায় আলোচ্য বিষয় ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

| ক্র: নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১. | **পূর্ববর্তী সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদনঃ**<br>সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে কোন সংশোধনী পাওয়া যায়নি। | সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয় | উপজেলা নির্বাহী অফিসার। |
| ০২. | **পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনাঃ**<br>পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের আলোকে যথাযথ পদক্ষেপ গ্রহন করা হয়েছে। | সিদ্ধান্ত বাস্তবায়নের ক্ষেত্রে তদারকি ব্যবস্থা জোরদার করার সিদ্ধান্ত হয়। | ১।চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার |
| ০৩. | **বিভাগীয় কমিটি সমূহের প্রস্তাবনা সম্পর্কে আলোচনাঃ (**ধারা ২৯ মোতাবেক গঠিত স্থায়ী কমিটির সুপারিশ পর্যালোচনা ও অনুমোদন এবং উক্তরুপ সুপারিশের আলোকে বিভিন্ন কমিটি গঠন ও উহার টার্মস অব রেফারেন্স অনুমোদন**)**<br><br>উপজেলা পরিষদের ১৭টি স্থায়ী কমিটির মধ্যে কোন কমিটির সভার কার্যবিবরণী অত্র সভায় উপস্থাপিত হয়নি। | স্থায়ী কমিটিসমূহের সভার নিয়মীত করার জন্য সংশ্লিষ্ট সকলকে আহবান জানানো হয়। | ১। সভাপতি/সদস্য সচিব, স্থায়ী কমিটি(সকল), উপজেলা পরিষদ, |
| ০৪ | **৪. উন্নয়নমূলক** (উপজেলা পরিষদে হস্তান্তরিত বিভাগসমূহের প্রস্তাব/প্রকল্প ও প্রাক্কলন অনুমোদন কার্যক্রম পর্যালোচনা ও পরিষদ কর্তৃক বাস্তবায়নকৃত বিভিন্ন উন্নয়ন মূলক কার্যক্রম পর্যালোচনা):-<br><br>**(ক) ইনটেরিয়ন কাজের পরিবর্তনঃ** ইনটেরিয়র কাজে কিছু পরিবর্তন করা হয়েছে। উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার এর রুমে কারপেটের পরিবর্তন করে টাইলস করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। | পরিবর্তিত কাজটি অনুমোদন করা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br><br>২। উপজেলা প্রকৌশলী |
| ০৫. | **আর্থিকঃ (উপজেলা পরিষদের আয়-ব্যয় সংশ্লিষ্ট প্রস্তাব)**<br><br>(ক) **উপজলো পরিষদের নতুন ভবনে থ্রিফেইজ মিটার সংযোগ প্রদানঃ** উপজেলা পরিষদের নবনির্মিত কমপ্লেক্স ভবনে থ্রিফেইজ লাইন ইতোপূর্বেই করা হয়েছে। কিন্তু বর্তমান সময়ে থ্রিফেইজ মিটার সংযোগ প্রদান করা প্রয়োজন মর্মে সভায় উপস্থাপিত হলে বিষয়টি দ্রুততার সহিত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য ডিজিএম, পল্লী বিদ্যুৎ, বাঘারপাড়া জোনাল অফিসের দৃষ্টি আকর্ষণ করা হয়। সেপ্রেক্ষিতে ডিজিএম জানান যে উক্ত মিটার সংযোগ প্রদানের ক্ষেত্রে সংযোগ ফি সহ আনুষাঙ্গিক কিছু খরচ আছে। এ বিষয়ে আলোচনাক্রমে সর্বসম্মতিক্রমে পল্লী বিদ্যুৎ দপ্তরকে উক্ত খরচের বিষয়ে ডিমান্ড দেওয়ার জন্য অনুরোধ জানানো হয় এবং পল্লী বিদ্যুৎ অফিস থেকে যে খরচের হিসাব প্রদান করা হবে তা ব্যয় করার অনুমোদন প্রদান করা হয়।<br><br>(খ) **উপজেলা পরিষদের জামে মসজিদ ও ডরমেটরি এর সেপটি ট্যাংকের সহিত সোকল করন:** উপজেলা পরিষদ জামে মসজিদ ও ডরমেটরি এর সেপটি ট্যাংক ওভারফ্লো হচ্ছে,যার কারনে মুসল্লিসহ পার্শ্ববর্তী সকলের সমস্যা হচ্ছে মর্মে সভায় উপস্থাপিত হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে বর্ণিত বিষয়ে সোকল নির্মানসহ কয়েকটি সেপটি ট্যাংকের মুখ না থাকায় তাদেরকে ঢাকনা তৈরী করে দেওয়া প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয় এবং উক্ত কাজে ব্যয়িত বিল প্রদানের অনুমোদন প্রদান করা হয়। | (ক)<br>পল্লী বিদ্যুৎ দপ্তর থেকে প্রদত্ত ডিমান্ড সাপেক্ষে ব্যয় করার অনুমোদন প্রদান করা হয়।<br><br>(খ)<br>উপজেলা পরিষদ জামে মসজিদ ও ডরমেটরি এর সেপটি ট্যাংক ওভারফ্লো বন্ধ করাসহ অন্যান্য কাজকরণ ও বিল প্রদানের অনুমোদন দেওয়া হয়। | ১।চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br>৩। ডিজিএম, পল্লী বিদ্যুৎ<br><br>(খ)<br>১।চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br>৩। উপজেলা প্রকৌশলী |

| | | | |
|---|---|---|---|
| ০৬. | **অপারেশনাল (মাননীয় সংসদ সদস্য (উপদেষ্টা), উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের আলোচনা ও সুপারিশ পর্যালোচনা এবং ন্যাস্তকৃত/ প্রেষণে নিয়োজিত কর্মকর্তা - কর্মচারীসহ পরিষদের সকল কর্মচারী সংক্রান্ত বিষয়াদিঃ)**<br><br>**বাঘারপাড়া উপজেলার নামে স্টেশনের নামকরনঃ** চেয়ারম্যান, জামিদয়া ইউপি ও চেয়ারম্যান বাসুয়াড়ী ইউপি জানান যে, পদ্মাসেতু রেল সংযোগ প্রকল্পের আওতায় নতুন যে রেল লাইন নির্মান করা হচ্ছে তার যে কয়টি স্টেশন করা হয়েছে সেগুলির মধ্যে একটি স্টেশন বাঘারপাড়া উপজেলার সীমানার মধ্যে অবস্থিত হলেও স্টেশনের নাম পদ্মবিলা করা হয়েছে। কিন্তু পদ্মবিলা গ্রামটি যশোর সদর উপজেলার বসুন্দিয়া ইউনিয়নের মধ্যে অবস্থিত এবং উক্ত গ্রামটি উক্ত স্টেশন হতে প্রায় আনুমানিক ৭-৮ কি.মি. দুরে অবস্থিত।<br>এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়, আলোচনান্তে সর্বসম্মতিক্রমে উক্ত **পদ্মবিলা স্টেশনের নাম পরিবর্তন করে বাঘারপাড়া স্টেশন** করার বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়সহ অন্যান্য সকলের নিকট সুপারিশসহ প্রস্তবনা প্রেরণ করার উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়। | উক্ত **পদ্মবিলা স্টেশনের নাম পরিবর্তন করে বাঘারপাড়া স্টেশন** করার বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়সহ অন্যান্য সকলের নিকট সুপারিশসহ প্রস্তবনা প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ১।চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার |
| ০৭. | **সমন্বয়ঃ (হস্তান্তরিত দপ্তর সমূহের কার্যক্রম)** | | |
| **ক. স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর:** | উপজেলা প্রকৌশলীর পক্ষে সভায় জানান যে, দাপ্তরিক সকল কর্মকান্ড সুষ্ঠভাবে চলমান আছে। বিগত অর্থবছরের কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্ন করা হয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয়। | ১। উপজেলা প্রকৌশলী |
| **খ.স্বাস্থ্য বিভাগ:** | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, করোনা রোগী ২০২২ সাল অদ্যাবধি ৪৬ জন। বর্তমান চিকিৎসাধীন ০০, মৃত্য ০১ জন। কোভিড-১৯ ভ্যাকসিনেশন কার্য্যক্রম চলমান। মোট জনসংখ্যা ২৫৬৬২৭, ১ম ডোজ পেয়েছে২০৮৫৫৩ জন (৮৯ %) এবং ২য় ডোজ ১৮৮৯৬৬জন (৮৪%) ৩য় ডোজ ২০১৪২ জন (৫৬%)৪র্থ ডোজ ১২২৬০-৬% সম্পন্ন হয়েছে এবং ৫-১১ বছরের শিশু ভ্যাকসিন ১ম ডোজ প্রদান ২৯৪০০ এবং ২য় ডোজ ২৪৮৯১। আইসোলেশনে ২০ টি বেড প্রস্তুত আছে, আইসোলেশন বেডে ৩১ টি অক্সিজেন সিলিন্ডার ,অক্সিজেন ফ্লোমিটার ১৮ টি এবং ৮ টি অক্সিজেন কনসেন্ট্রেটর প্রস্তুত আছে। সন্দেহজনক রোগীর স্যাম্পল পাঠানো অব্যাহত আছে। ২৩ টি কমিউনিটি ক্লিনিকে সর্বমোট ২৩২৯১ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। এছাড়া ৮২০ জন রোগীকে জটিলতার জন্য অন্যত্র রেফার করা হয়েছে। ভিটাবল্যা উপ-স্বাস্থ্য কেন্দ্র থেকে মোট ১৩২৬জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর বহিঃ বিভাগ থেকে ৫৬৩৫ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। এছাড়া জরুরী বিভাগ থেকে ১২৯৩ জন রোগীকে প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। এবং ৬৪২ জন রোগীকে অন্তঃবিভাগে ভর্তি করে চিকিৎসা প্রদান করা হয়েছে। স্বাভাবিক ডেলিভারী ৫০ জন, ১৫ জন সিজারিয়ান অপারেশন করা হয়। ২৯০ জন রোগীকে ভায়া পরীক্ষা হইয়াছে। এছাড়াও ডেঙ্গু পরিস্থিতি মোকাবেলার উদ্দেশ্যে হাসপাতালের প্রসাশন আগামী ১২/০৮/২৩ ইং পর্যন্ত্ম নির্দেশনা অনুযায়ী ৫০/= টাকা মূল্যে ডেঙ্গু পরিক্ষা করা হচ্ছে এবং ডেঙ্গু আক্রান্ত্ম রোগীদের জন্য পৃথক পুরম্নষ/মহিলা বেড স্থাপন করা হয়েছে। ডেঙ্গু পরিস্থিতি মোকাবেলার উদ্দেশ্যে হাসপাতাল প্রসাশন বর্জ্য ব্যবস্থাপনা এবং ডেঙ্গু প্রতিরোধক সচেতনতামূলক কার্য্যক্রম পরিচালনা করছেন। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয় | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা। |

| | | | |
|---|---|---|---|
| **গ.কৃষি বিভাগ:** | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা কৃষি অফিসার জানান যে, অত্র উপজেলায় ১৪৬০ হেক্টর জমিতে আউশ ধান আবাদ সম্পন্ন হয়েছে। আউশ ধানের পোকা-মাকড় দমনের জন্য পার্চিং, আলোক ফাদ স্থাপন এবং উৎপাদন বৃদ্ধির জন্য কৃষকদের সার্বিক পরামর্শ প্রদান করা হচ্ছে। রোপা আমনের বীজতলা তৈরি ৭৫০হেক্টর জমিতে সম্পন্ন হয়েছে। বিশেষ কর্মসূচীর আওতায় ফল গাছের পরিচর্যা, ভার্মি কম্পোষ্ট/কম্পোষ্ট তৈরী, পুষ্টি বাগান স্থাপন সহ অন্যান্য কার্যক্রমের জন্য উপসহকারী কৃষি কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করা হয়েছে। প্রণোদনা কর্মসূচীর আওতায় রোপা আমন ১৫৪০জন ও গ্রীষ্মকালীন পেয়াজ ৮০ জন কৃষকের মাঝে বিতরণ করা হয়েছে এবং মাঠ পর্যায়ে বাস্তবায়নের কাজ চলমান রয়েছে। সার মনিটরিং কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া বিভিন্ন প্রকল্পের প্রদর্শনী স্থাপন ,মাঠ দিবস, কৃষক প্রশিক্ষণসহ দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠ ভাবে চলমান আছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি এবং মাঠ পর্যায়ে নিবিড় মনিটরিং করার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা । |
| **ঘ.মৎস্য বিভাগ:** | উপজেলা মৎস্য কর্মকর্তার পক্ষে সভায় জানান যে, উপজেলা প্রশাসনের সহযোগিতায় বাঘারপাড়া উপজেলার বিভিন্ন মাছ বাজারে জাটকা সংরক্ষন কার্যক্রমের আওতায় অভিযান পরিচালনা করা হয়। অভিযান পরিচালনা কালে কোন মাছ বাজারে জাটকা পাওয়া যায়নি। এছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয় । | উপজেলা মৎস্য কর্মকর্তা। |
| **ঙ.প্রাণি সম্পদ বিভাগ:** | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, জুলাই-২০২৩ মাসে ১) কৃত্রিম প্রজননের আওতায় তরল সিমেন-২২২টি, হিমায়িত সিমেন-১২৮০টি, ২) টিকা প্রদানের আওতায় গবাদি পশু- ৫৬০০টি, হাঁসমুরগী-৫৪৪০০টি, ৩) চিকাৎসা প্রদান গবাদিপুশু-২৩৮০টি, হাঁসমুরগি-৯৭২৯টি, পোষাপ্রাণী-০১টি, ৫) উঠান বেঠক-০৪টি ৬) খামার পরিদর্শন-১০টি । এছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে । | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয় । | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| **চ.সমাজসেবা দপ্তর:** | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, ২০২২-২৩ অর্থ বছরে ৪র্থ কিস্তি পর্যন্ত ভাতা করা হয়েছে। বিভিন্ন ভাতা কার্যক্রমের সুবিধাভোগীদের লাইভ ভেরিফিকেশন কার্যক্রম বাস্তবায়ন করা প্রয়োজন। বিভাগের অন্যান্য কার্যক্রম সন্তোষজনক। | ভাতা প্রদান ও দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে মনিটরিং করার জন্য অনুরোধ করা হলো । | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| **ছ.পরিবার পরিকল্পনা বিভাগ:** | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, গত মাসে উপজেলার মোট সক্ষম দম্পতির সংখ্যা ৪৬৩৯৮ জন। বিভিন্ন পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা খাবার বড়ি ৫৭৫৮(চক্র) কনডম ১৪০৪৩(পিস) ইনজেকটেবল ১২২৩ জন আইইউডি ০৬জন, ইমপ্লান্ট ২৭জন, স্থায়ী পদ্ধতী পরুষ ০০জন, মহিলা ০০ মোট ০০ জন । | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো । | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| **জ.শিক্ষা বিভাগ (প্রাথমিক):** | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় এবং দাপ্তরিক কার্যপত্র প্রদান না করায় তাঁর দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যায়নি । | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জনানো হয় । | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| **ঝ. শিক্ষা বিভাগ (মাধ্যমিক):** | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, পবিত্র ঈদুল আযহা ছুটি শেষে গত ০৯.০৭.২০২৩খ্রিঃ তারিখে মাধ্যমিক স্তরের শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শ্রেণী পাঠদান চালু হয়েছে । পিবিজিএসআই এর আওতায় ১৮টি প্রতিষ্ঠানের তথ্য স্কীম পরিচালক কার্যালয়ে প্রেরণ করা হয়েছে । উপজেলা নির্বাহী অফিসারের দিকনির্দেশনা অনুযায়ী মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানে ডিজিটাল হাজিরা স্থাপন প্রকল্প চালু করা হয়েছে । ইহা ছাড়া দাপ্তরিক কাযক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা জন্য অনুরোধ জানানো হয় । | উপজেলা শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর |

| | | | |
|---|---|---|---|
| **ঞ.পল্লী উন্নয়ন বিভাগ:** | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড বর্তমান সরকাররের রুপকল্প-২০২১ বাস্তবায়নে কাজ করে আসছে। তাছাড়া গ্রামের সাধারণ জনগণকে একত্রিত করে সংগঠনের মাধ্যমে স্বনির্ভরতা অর্জন, পূর্জি গঠণ, প্রশিক্ষণ ও ঋণ প্রদানের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে কৃষক সমিতি, বিত্তহীন পুরুষ ও মহিলাদের নিয়ে কাযক্রম পরিচালনা করে থাকে। ২২৮টি সমিতিরি ৬৫৮৯ জন সমবায়ীর মাঝে ২০২২-২৩ অর্থ বছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৫৩৫.১৮ লক্ষ টাকা। উল্লেখ্য ২০২২-২৩ অর্থ বছরে ইরেসপো কর্মসূচির আওতায় মোট ৯০ জন মহিলা ও পুরুষ সদস্যকে গবাদী পশুপালন, বিষমুক্ত সবজি চাষ এবং অপ্রধান শস্য বিষয়ে ৩ দিন মেয়াদী আইজিএ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। চলতি আর্থিক বছরে ১৭৯৬ জন সদস্যর মধ্যে ৭৮৩.১০ লক্ষ টাকা সদস্যদের স্ব স্ব ব্যাংক হিসাবের মাধ্যমে ঋণ বিতরণ করা হয়েছে এবং ৫৮১.১০ লক্ষ ঋণ আদায় করা হয়েছে। এছাড়া পল্লী জীবিকায়ন কর্মসূচীর আওতায় ৭৯ জন সদস্যর মধ্যে একক উদ্যেক্তা ঋণ বাবদ ১১০.০০ লক্ষ বিতরণ করা হয়েছে। বিআরডিবি আওতাভুক্ত সকল প্রকল্প/কর্মসূচীর মাধ্যমে দারিদ্র্যতা নিরসনে ও আত্মনির্ভশীলতা সৃষ্টি কল্পে প্রশিক্ষণ প্রদান করা হয় উক্ত টাকা আদায় করা সহ পরবর্তীতে যাতে ঋণ বিতরণ করতে পারি এ বিষয়ে ইউনিয়নের সম্মনিত চেয়ারম্যানবৃন্দ ও জনপ্রতিনিধীগণের সহযোগিতা কামনা করছি। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| **ট. যুব উন্নয়ন দপ্তর:** | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে,তার দপ্তরের মাধ্যমে এ পর্যন্ত ১০৪৭১ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। যার মধ্য থেকে ৫৪৬৯ জন যুব ও যুব মহিলাকে আত্মকর্মী করা হয়েছে। এছাড়া প্রশিক্ষণ প্রাপ্ত যুবদের মধ্য হতে ১০৪২ জন যুব ও ৬৪০ জন যুব মহিলা সহ মোট ১৬৮২ জন কে যুব ঋণ হিসাবে ৪৮৭৩১৩০০/- টাকা প্রদান করা হয়েছে, যার আদায় হার ৯৬%। তিনি সভায় আর ও জানান যে, দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| **ঠ. সমবায় বিভাগ :** | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরে অডিট যোগ্য কেন্দ্রীয় সমিতি ২টি ও প্রাথমিক সমিতি ৬৯টি ২০২২-২০২৩সনে অডিট বরাদ্দ প্রদান করা হয়েছে। চলতি মাসে কোন কেন্দ্রীয় ও প্রাথমিক সমবায় সমিতির অডিট সম্পাদন করা হয়নি। ২০২০-২০২১সনে মোট আদায়যোগ্য অডিট ফি ১,১০,৭০০/-টাকা। আদায়কৃত অডিট ফি ১,১০,৭০০/-টাকা আদায়ের হার ১০০%। এছাড়া আদায়যোগ্য সিডিএফ ধার্য করা হয়েছে-৬২৪৪৫/-টাকা, যার মধ্যে আদায় হয়েছে ৬২,৪৪৫/-টাকা, আদায়ের হার ১০০%। উপজেলার ৪ (চার) টি আশ্রয়ণ প্রকল্পে মুল বরাদ্ধ পাওয়া গেছে ৭৬০০০০/-টাকা উহাসহ এপর্যন্ত ঘূর্ণায়মান হিসাবে মোট ঋণ বিতরণ করা হয়েছে ৩৭,৭৩,০০০/-টাকা এবং চলতি মাসে আদায়কৃত ঋণের পরিমান ৪,৫০০/-টাকা এখানে মোট আদায়যোগ্য ঋণের পরিমান ৪০,৭৪,৮৪০/-টাকা মোট ঋণ আদায় ৩৫,৭৯,৪৯৪/-টাকা অনাদায়ী ঋণের পরিমান ৪,৯৫,৩৪৬/-টাকা। আদায়ের হার ৮৮%। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| **ড. মহিলা বিষয়ক দপ্তর:** | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলায় ভিডব্লিউবি উপকারভোগীর সংখ্যা ২১৫২জন। খাদ্য বরাদ্দ না থাকায় জুলাই-২০২৩ মাসে ভিও প্রদান করা সম্ভব হয় নাই। আইজিএ প্রশিক্ষণ প্রকল্পের মেয়াদ জুন-২০২৩ মাসে সমাপ্ত হয়েছে। ক্ষুদ্রঋন কার্যক্রম চলমান আছে। বাল্যবিবাহ প্রতিরোধ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, মানব পাচার রোধ ও যৌতুন নিরোধ কার্যক্রম চলমান আছে। | দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা। |
| **ঢ. ত্রাণ বিভাগ:** | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠ ও সুন্দর ভাবে চলমান রয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| **গ.জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:** | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, অত্র উপজেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ের ওয়াশ ব্লকের নির্মাণ কাজ চলমান রয়েছে। এছাড়া ২০২২-২০২৩ অথ বছরের গভীর নলকূপের বোরিং কাযক্রম চলমান রয়েছে। দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| **ত. বন বিভাগ** | ফরেষ্টার, বনবিভাগ, বাঘারপাড়া, যশোর সভায় উপস্থিত না থাকায় এবং দাপ্তরিক কার্যপত্র প্রদান না করায় তাঁর দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যায়নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হলো। | ফরেষ্টার, বনবিভাগ, বাঘারপাড়া, যশোর |
| **০৯.বিবিধ:** | **(১)** জনাব মোঃ আব্দুর রউফ, ভাইস চেয়ারম্যান স্বাস্থ্য দপ্তরে রুগীর সেবার মান বৃদ্ধি করার জন্য উপজেলা স্বাস্থ্য কর্মকর্তাকে অনুরোধ জানান।<br><br>**(২)** উপজেলা নির্বাহী অফিসার জানান যে, (ক) মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক প্রাথমিক বিদ্যালয়ে পারিবারিক পুষ্টি বাগান করা হচ্ছে এ বিষয়ে সকল ইউপি চেয়ারম্যানদের সহযোগীতা কামনা করেন।<br><br>(খ) মাছের ঘের/পুকুর খননের কারনে রাস্তার যেন ক্ষতিসাধন না হয় সেবিষয়ে মৎস্যচাষীদের নির্দেশনা প্রদানের জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জানান এবং এ বিষয়ে সজাগ দৃষ্টি রাখা ও কোন কিছু নজরে আসলে অবহিত করার জন্য সকল ইউপি চেয়ারম্যান এবং সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।<br><br>(গ) বৈশ্বিক উষ্ণতা রোধে কৃষ্ণচূড়া গাছ লাগানোর নির্দেশনা সভায় উপস্থাপন করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে ফরেষ্টারের মাধ্যমে কৃষ্ণচুড়া গাছ বিতরণ করা যায় কিনা সে বিষয়ে চেষ্টা করার সিদ্ধান্ত গৃহিত হয়। | (১) তদারকি বৃদ্ধি এবং নিয়মিত সভা করার জন্য অনুরোধ জানানো হয়।<br><br>২(ক) পুষ্টিবাগান করণের ইউপি চেয়ারম্যানদের সহযোগীতা কামনা করা হয়।<br><br>(খ) সংশ্লিষ্ট সকলকে সজাগ দৃষ্টি রাখার জন্য বলা হয়।<br><br>(গ) উপস্থিত সকলকে বেশি করে কৃষ্ণচূড়া গাছ লাগানোর জন্য অনুরোধ জাননো হয়। | (১) (ক) (খ) উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, বাঘারপাড়া |

অতঃপর অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

ভিক্টোরিয়া পারভীন সাথী
সভাপতি
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।

## উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

**স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০২.২০২২-৩৬** **তারিখঃ ১৭/ ০৭/ ২০২৩ খ্রিঃ।**

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

১. মাননীয় সংসদ সদস্য, ৮৮ যশোর-৪
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ,খুলনা।
৪. জেলা প্রশাসক, যশোর।
৫. উপ-পরিচালক,স্থানীয় সরকার, যশোর।
৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৭. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৮. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৯ মেয়র, বাঘারপাড়া পৌরসভা, যশোর।
১০. উপজেলা ........................................... কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১১.চেয়ারম্যান,...............................................ইউনিয়নপরিষদ,বাঘারপাড়া,যশোর।
১২.সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।

সৈয়দ জাকির হাসান
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর।